

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮২০

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ কোন মুসলিম ব্যক্তিকে নাকে লাগাম লাগিয়ে টেনে নিয়ে যাওয়া নিষেধ, কেননা মহান আল্লাহ মুসলিমদের সাথে চতুষ্পদ প্রাণীর মতো আচরণ করা থেকে তাদের মর্যাদাকে সমুন্নত করেছেন

ذِكْرُ الزَّجْرِ عَنْ قَوْدِ الْمَرْءِ الْمُسْلِمِ بِخِزَامَةٍ يَجْعَلُهَا فِي أَنْفِهِ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا رَفَعَ أَقْدَارَ الْمُسْلِمِينَ عَنْ أَنْ يُشَبَّهُوا بِذَوَاتِ الْأَرْبَعِ

আরবী

3820 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ سُلَيْمَانَ الْأَحْوَلِ أَنَّ طَاوُسًا أَخْبَرَهُ عَنْ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ - وَهُوَ يَطُوفُ بِالْكَعْبَةِ - بِإِنْسَانٍ يَقُودُ إِنْسَانًا بِخِزَامَةٍ فِي أَنْفِهِ فَقَطَعَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ ثُمَّ أَمَرَهُ أَنْ يَقُودَهُ بِيَدِهِ.
الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3820 | خلاصة حكم المحدث: صحيح: (1620 و 1621 و 6703).

বাংলা

৩৮২০. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কা’বায় তাওয়াফ করার সময় এক ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করেন, যে ব্যক্তি আরেক ব্যক্তির নাকে লাগাম লাগিয়ে টেনে নিয়ে যাচ্ছিল। তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটা নিজ হাতে কেটে দেন। তারপর তিনি তাকে হাত ধরে নিয়ে যাওয়ার নির্দেশ দেন।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৩৩০২; মুসান্নাফ আব্দুর রায়যাক: ১৫৮৬১; মুসনাদ আহমাদ: ১/৩৬৪; সহীহুল বুখারী: ১৬২০; নাসাঈ: ৫/২২২; হাকিম: ১/৪৬০; সুনান বাইহাকী: ৫/৮৮; তাবারানী আলকাবীর: ১০৯৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮২০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93159>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন